দৈনিক ইনকিলাব

282

তারিখ ... DEC 13 1999 ..
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ঢাকা ভার্সিটিতে আইটি দিবস উদযাপিত

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান বিভাগের উদ্যোগে গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত সাইন্স কমপ্লেক্সে আইটি দিবস '৯৯ উদযাপিত হয়। দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী লেঃ জেনারেল (অবঃ) নুরুদ্দিন খান।

বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ জামিলুর রেজা চৌধুরী, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সচিব ডঃ তৌফিক-ই-এলাহী চৌধুরী, খুলনা পাওয়ার কোম্পানী লিঃ-এর চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, কম্পিউটার বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ডঃ লুৎফর রহমান এবং বিভাগের বর্তমান চেয়ারম্যান ডঃ এম আলমগীর হোসাইন।

খুলনা পাওয়ার কোম্পানী লিঃ-এর সহযোগিতায় দিবসটি উদযাপিত হয়। উল্লেখ্য, কোম্পানীর চেয়ারম্যান উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান বিভাগের জন্য ১২ লাখ টাকার একটি চেক প্রদান করেন। দিবসের অন্যান্য কর্মসূচীর মধ্যে ছিল আইটি প্রদর্শনী এবং সেমিনার। সেমিনারে 'ওয়াই-টু-কে প্রোবলেম ইন বাংলাদেশ' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ডঃ এমএল রহমান এবং 'ইলেকট্রনিক কমার্স' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ এম আলমগীর হোসাইন।